সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সেতু বিভাগ
সুশাসন ও সংস্কার শাখা
সেতু ভবন, বনানী, ঢাকা-১২১২
www.bridgesdivision.gov.bd

তারিখ: ৩০ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ
১৩ এপ্রিল ২০২৬ খ্রিস্টাব্দ

**নম্বর:** ৫০.০০.০০০০.০০০.২০১.০৬.০০৩৯.১১.১২৯

## অফিস আদেশ

মন্ত্রিপরিষদ বিভাগের গত ০৭ এপ্রিল ২০২৬ খ্রি. তারিখের ০৪.০০.০০০০.০০০.৪১৬.৯৯.০০০১.২৬.২১৭ নম্বর স্মারকের নির্দেশনার আলোকে জাতীয় পর্যায়ে বিদ্যুৎ ও জ্বালানি সাশ্রয়ের লক্ষ্যে সেতু বিভাগ এবং আওতাধীন বাংলাদেশ সেতু কর্তৃপক্ষে কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের বিদ্যুৎ ও জ্বালানি ব্যবহারে সাশ্রয়ী ও দায়িত্বশীল আচরণ নিশ্চিত করার নিমিত্ত নিম্নবর্ণিতভাবে **'সমন্বয় ও তদারকি কমিটি'** গঠন করা হলো:

| ক্রম | পদবী (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) | দায়িত্বপ্রাপ্ত পদ |
|---|---|---|
| ০১. | যুগ্মসচিব (প্রশাসন), সেতু বিভাগ | আহবায়ক |
| ০২. | উপপরিচালক (প্রশাসন), বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ | সদস্য |
| ০৩. | নির্বাহী প্রকৌশলী (ভবন), বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ | সদস্য |
| ০৪. | গণপূর্ত অধিদপ্তরের একজন প্রতিনিধি (সহকারী প্রকৌশলীর নিম্নে নয়) | সদস্য |
| ০৫. | সিনিয়র সহকারী সচিব (প্রশাসন), সেতু বিভাগ | সদস্য সচিব |

**কার্যপরিধিঃ**

ক) কমিটি মন্ত্রণালয়/বিভাগের অফিসকক্ষসমূহ নিয়মিত পর্যবেক্ষণ ও মনিটরিং করবেন এবং নিম্নবর্ণিত বিষয়সমূহ নিশ্চিত করবেন;

(i) বিদ্যমান বৈদ্যুতিক বাতির অর্ধেক (৫০%) ব্যবহার। এ লক্ষ্যে প্রয়োজনের অতিরিক্ত লাইটের ব্যবহার পরিহার;

(ii) শীতাতপ নিয়ন্ত্রণযন্ত্র ব্যবহারের ক্ষেত্রে তাপমাত্রা ২৫.১ ডিগ্রি সেলসিয়াস বা তার উপরে স্থিরিকরণ;

(iii) অফিসকক্ষ ত্যাগ করার সময় কক্ষের বাতি, ফ্যান, এয়ার কন্ডিশনারসহ সকল বৈদ্যুতিক সরঞ্জাম বন্ধকরণ;

(iv) অফিসের করিডোর, সিঁড়ি, ওয়াশরুম ইত্যাদি স্থানে অপ্রয়োজনীয় বাতি ব্যবহার বন্ধকরণ;

(v) প্রয়োজনের সময় ব্যতিরেকে ইলেকট্রিক কেটলিতে বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করে রাখা;

(vi) বিনষ্টযোগ্য, পুরাতন নথি, ভাঙ্গা ও অব্যবহৃত আসবাবপত্র অফিসের মধ্যে যত্রতত্র না রেখে যথাস্থানে সংরক্ষণ ও বিধি মোতাবেক নিষ্পত্তিকরণ; এবং

(vii) সার্বিক পরিষ্কার-পরিচ্ছন্নতা নিশ্চিতকরণ।

(খ) কমিটি সময়ে সময়ে সভা আয়োজন করবেন এবং প্রয়োজনের নিরিখে সদস্য কো-অপ্ট করতে পারবেন; এবং

(গ) সার্বিক কার্যক্রম মন্ত্রিপরিষদ বিভাগকে অবহিত করবেন।

০২। ইহাতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

১৩-০৪-২০২৬
ওয়াহেদুর রশীদ
সহকারী সচিব
ফোন : +৮৮৫৫০৫৮০৭১
ইমেইল : asadmin@bridgesdivision.gov.bd

নম্বর: ৫০.০০.০০০০.০০০.২০১.০৬.০০৩৯.১১.১২৯/১ (২১)

তারিখ: ৩০ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ
১৩ এপ্রিল ২০২৬ খ্রিস্টাব্দ

**অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ সচিব-এঁর দপ্তর, মন্ত্রিপরিষদ বিভাগ [ দৃ: আ: উপসচিব, সাধারন অধিশাখা]।
২। নির্বাহী পরিচালক, নির্বাহী পরিচালক এর দপ্তর, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ।
৩। প্রধান প্রকৌশলী, প্রধান প্রকৌশলীর দপ্তর, গণপূর্ত অধিদপ্তর -একজন প্রতিনিধি প্রেরণের অনুরোধসহ(সহকারী প্রকৌশলীর নিম্নে নয়)।
৪। পরিচালক, পরিচালক (প্রশাসন) এর দপ্তর, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ।
৫। পরিচালক, পরিচালক (অর্থ ও হিসাব) এর দপ্তর, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ।
৬। পরিচালক, পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) এর দপ্তর, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ।
৭। যুগ্মসচিব, প্রশাসন অনুবিভাগ, সেতু বিভাগ।
৮। যুগ্মসচিব, পরিকল্পনা ও উন্নয়ন অনুবিভাগ, সেতু বিভাগ।
৯। প্রধান প্রকৌশলী, প্রধান প্রকৌশলী এর দপ্তর , বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ।
১০। উপসচিব, প্রশাসন অধিশাখা, সেতু বিভাগ।
১১। উপসচিব, সাধারণ অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ।
১২। উপসচিব, বাজেট অধিশাখা, সেতু বিভাগ।
১৩। উপসচিব (অতিরিক্ত দায়িত্ব), পরিকল্পনা ও উন্নয়ন অধিশাখা, সেতু বিভাগ।
১৪। সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, সেতু বিভাগ।
১৫। একান্ত সচিব, সচিব এর দপ্তর, সেতু বিভাগ।
১৬। সিনিয়র সহকারী সচিব, প্রশাসন শাখা, সেতু বিভাগ।
১৭। সিনিয়র সহকারী সচিব, উন্নয়ন শাখা, সেতু বিভাগ।
১৮। প্রোগ্রামার, আইসিটি সেল, সেতু বিভাগ (ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।
১৯। সিনিয়র সহকারী সচিব, বাজেট শাখা-১, সেতু বিভাগ।
২০। ডেপুটি ডাইরেক্টর (প্রশাসন), প্রশাসন শাখা, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ এবং
২১। এক্সিকিউটিভ ইঞ্জিনিয়ার (ভবন) (চলতি দায়িত্ব), ভবন শাখা, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ।

১৩-০৪-২০২৬
ওয়াহেদুর রশীদ
সহকারী সচিব